কার্যক্রম	বিষয়	মন্তব্য
২.১ ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ	প্রযোজ্য নয়	পানি সম্পদ মন্ত্রণালয়ের নিজস্ব কোন প্রকল্প নেই। এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর সংস্থা কর্তৃক বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করা হয়। সংস্থাসমূহের প্রত্যেক প্রকল্পের ডিপিপিতে উক্ত প্রকল্পের পূর্ণাঙ্গ ক্রয় পরিকল্পনা ছাড়াও বার্ষিক ক্রয় পরিকল্পনা দেয়া থাকে। প্রত্যেক প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক প্রচলিত বিধিবিধানের আওতায় সংশ্লিষ্ট সংস্থা প্রধানের নিকট হতে অনুমোদন নিয়ে থাকেন। যেহেতু উন্নয়ন প্রকল্প এবং এর বার্ষিক ক্রয় পরিকল্পনা পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয় না সুতরাং প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা কার্যক্রম পানি সম্পদ মন্ত্রণালয়ের জন্য প্রযোজ্য নয়।
২.২ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন কার্যক্রমের ক্ষেত্রে PIC সভা আয়োজন	প্রযোজ্য নয়	পানি সম্পদ মন্ত্রণালয়ের নিজস্ব কোন প্রকল্প নেই। এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর সংস্থা কর্তৃক বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করা হয়। সংস্থাসমূহের প্রকল্পের PIC (Project Implementation Committee) এর সভা সংশ্লিষ্ট সংস্থা প্রধানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সুতরাং PIC সভা আয়োজন কার্যক্রমটি পানি সম্পদ মন্ত্রণালয়ের জন্য প্রযোজ্য নয়।
৩.৩. অংশগ্রহণমূলক পানি সম্পদ ব্যবস্থাপনা নিশ্চিতকরণ	কার্যক্রমের ব্যাখ্যা	সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনার অন্যতম নীতি হলো অংশগ্রহণমূলক পানি সম্পদ ব্যবস্থাপনা । এতে পানি সম্পদ ব্যবস্থাপনার সকল স্তরে স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিত হয় । জাতীয় পানি নীতি ১৯৯৯ এর মুখবন্ধে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, "ব্যবহারকারী সকলের দক্ষ, ন্যায়সঙ্গত ও পরিবেশগ্রাহ্যভাবে পানি ব্যবহার ও বন্টনের অনুকূলে মত প্রকাশের সুযোগই বিকেন্দ্রীকৃত ও গণতান্ত্রিক কাঠামো থেকে উৎসারিত এ নীতির মূল শক্তি ।" Guidelines for Participatory Water Management (GPWM)" শিরোনামে ইংরেজি ভাষায় প্রণীত নির্দেশিকাটি Executive Committee of the National Water Council (ECNWC) কর্তৃক গত ২৮/১১/২০০০ তারিখে অনুমোদিত হয়, যা অদ্যাবধি বহাল আছে । পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক এ নির্দেশিকা হালনাগাদ করে বাংলায় প্রণয়নের উদ্যোগ নেয়া হয়েছে ।